হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 29 JUNE 2026 ,MONDAY | ২৯ জুন ২০২৬ ,সোমবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-207

**কবিতা/গল্প প্রকাশ**



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১

**ডাউনলোড "এই যুগ অ্যাপ"**



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"

# যশোডাঙ্গায় বামনী নদীর বাঁধ ভেঙ্গে ক্ষতিগ্রস্ত কৃষকেরা




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ জুন :** জলের নীচে রবি শস্য ক্ষেত। কৃষকদের মাথায় হাত। ভেঙ্গে গেল যশোডাঙ্গায় বামনী নদীর বাঁধ । আর এর ফলেই শতাধিক বিঘা জমির ফসল জলের নীচে ডুবে গেল। ক্ষতির পরিমাণ কম করে ১৫ থেকে ২০ লক্ষ টাকা। গত কয়েকদিনের প্রবল বর্ষণে নদী গুলিতে জল বাড়ছে। শনিবার সন্ধ্যা থেকে মুষলধারে বৃষ্টি শুরু হয়েছে ডুয়ার্সের বিভিন্ন এলাকায়। প্রায় তিন মাস আগে যশোডাঙ্গা বামনী নদীর মাটির বাঁধের একাংশ ভেঙ্গে গিয়েছিল। গত কয়েকদিনের প্রবল বর্ষণে বাঁধ পুরোটাই ভেঙ্গে গেছে। রবিবার যশোডাঙ্গা এলাকায় গিয়ে দেখা গেল শতাধিক বিঘার জমির ফসল জলের নীচে ডুবে রয়েছে। ভাঙ্গা বাঁধ দিয়ে জল ঢুকে যাওয়ায়। এলাকার বাসিন্দারা প্রশাসনিক কর্তা সহ রাজনৈতিক নেতাদের দিকে আঙ্গুল তুলেছেন।

# দার্জিলিং শহরের হিমালয়ান মাউন্টেনিয়ারিং ইনস্টিটিউট পরিদর্শনে রাজ্যের ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,দার্জিলিং ,২৮ জুন :** পর্বত আরোহীদের ট্রেনিং এর সুব্যবস্থা করতে রবিবার দার্জিলিং শহরের হিমালয়ান মাউন্টেনিয়ারিং ইনস্টিটিউট পরিদর্শনে রাজ্যের ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ । এদিন হিমালয়ান মাউন্টেনিয়ারিং ইনস্টিটিউট পরিদর্শনে গিয়ে প্রথমে শেরপা তেনজিং নোরগের সমাধি তে মাল্য দান করেন ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী। এর পর হিমালয়ান মাউন্টেনিয়ারিং ইনস্টিটিউট পরিদর্শন করেন মন্ত্রী । সূত্রের খবর ,আগামী দিনে পর্বত আরোহীদের ট্রেনিং এর সুব্যবস্থা করতে এদিন ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ পরিদর্শনে এসেছিলেন। যাতে ট্রেনিং করতে আসা পর্বত আরোহীদের কোনো রকমের অসুবিধা না হয়। রাজ্যের ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রীর হিমালয়ান মাউন্টেনিয়ারিং ইনস্টিটিউট পরিদর্শনে খুবই খুশি রাজ্যের পর্বত আরোহীরা । পর্বত আরোহীদের মতে বিগত সরকার ১৫ বছর ধরে যে বিষয় নিয়ে ভাবেনি ,নতুন সরকার বসেই সেই সব বিষয় নিয়ে কাজ শুরু করে দিয়েছে ,আগামী দিনে পর্বত আরোহীদের কোনো রকমের অসুবিধা হবে না বলেও আশাবাদী পর্বত আরোহীরা ।



# জল নিকাশি ব্যবস্থা নিয়ে পথ অবরোধ



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ জুন :** জল নিকাশি ব্যবস্থা নেই । বৃষ্টি হলেই রাস্তায় জল জমে যায় এ ছাড়া অতিরিক্ত বৃষ্টির দরুন ধর কলোনীর বিভিন্ন এলাকা জলমগ্ন হয়ে যায়। অভিভাবক হীন ধর কলোনির বাসিন্দারা একত্রিত হয়ে শামুকতলা হাতিপোতা রাজ্য সড়ক অবরোধ করেন বেশ কিছুক্ষণ যদিও পড়ে পুলিশ এসে তাদের সঙ্গে আলোচনা করে অবরোধ তুলে দেন। দীর্ঘদিন যাবত বেহাল অবস্থায় পড়ে রয়েছে শামুকতলা থানা রোড। অল্প বৃষ্টি হলেই জমে যায় জল রাস্তার উপর। রবিবার বিকেলে বেশ কিছুক্ষণ অবরোধ করে রাখেন স্থানীয় বাসিন্দারা জল নিকাশি ব্যবস্থা সঠিক করার দাবি তুলে।

# গরু চুরি করে বিক্রি করতে এসে জনতার হাতে ধরা পড়ল এক যুবক




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ জুন :** গরু চুরি করে বিক্রি করতে এসে জনতার হাতে ধরা পড়ল এক যুবক। ঘটনাটি ঘটেছে আলিপুরদুয়ার জেলার শামুকতলা থানার বড় পুকুরিয়া এলাকায়। রবিবার বিকেল সাড়ে তিনটা নাগাদ জয়ন্তী টোলা থেকে গরু চুরি করে এনে বড়পুকুরিয়া এলাকায় বিক্রি করতে আসলে এলাকার বাসিন্দাদের সন্দেহ হয় এরপরেই তাকে আটক করে। তাকে জিজ্ঞাসাবাদ করেই জানা গেছে গত সাত দিন যাবত সে এই পেশায় যুক্ত হয়েছে। গত দুদিন আগেও বার্না বাস নামে ওই যুবক ছাগল চুরি করে ১১০০ টাকা বিক্রি করে যদিও সেই টাকা তার বাবা নিয়ে যায় এমনটাই বলছে ওই যুবক। তবে এলাকার বাসিন্দারা তাকে আটকে রেখেছে শামুকতলা থানার পুলিশকে খবর দেওয়া হয়েছে।

# তোর্সা নদীর জলস্তর বেড়ে গেছে



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ জুন :** তোর্ষা নদীর জলস্তর বৃদ্ধি পেয়েছে। টানা বৃষ্টিতে ফুলেফেঁপে উঠেছে তোর্ষা। আর এর জেরে সমস্যায় পড়েছে তোর্ষা পারে সুভাষিনি চা বাগান। সুভাষিনি এলাকায় তোর্ষা নদীর গর্ভে চলে যাচ্ছে সুভাষিনি চা বাগানের চা গাছ, জমি। ইতিমধ্যে চা বাগানের বহু জমি ও চা গাছ নদী গর্ভে চলে গিয়েছে আর প্রতিনিয়ত জমি ও চা গাছ যাচ্ছে। তোর্ষার ভাঙ্গনে আতঙ্কিত চা বাগানের শ্রমিকরা ও বাগান কতৃপক্ষ। সুভাষিনি এলাকায় তোর্ষা ভয়াবহ রূপ ধারণ করেছে। এলাকার বাসিন্দারা বাগান কতৃপক্ষ জানান তোর্ষার এই এলাকায় বাঁধ না থাকায় ক্রমাগত চা গাছ নদী গর্ভে চলে যাচ্ছে। বর্তমানে নদী শ্রমিক মহল্লার কাছাকাছি চলে এসেছে।



# শিশুদের পোলিও ড্রপ খাইয়ে "পালস পোলিও কর্মসূচি" পালন করা হল




**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,২৮ জুন :** কোচবিহার শহরে আজ কোচবিহারের জেলাশাসক জিতীন যাদব শহরের প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে (UPHC আরবান প্রাইমারি হেলথ সেন্টার ) শিশুদের পোলিও ড্রপ খাইয়ে 'পালস পোলিও কর্মসূচি'-র সূচনা করলেন।এই উপলক্ষে জেলাশাসক  সকল অভিভাবকের প্রতি আহ্বান জানান যেন পাঁচ বছরের কম বয়সী প্রতিটি শিশু জীবন রক্ষাকারী পোলিও টিকা পায়। শিশুদের সুস্থ রাখা এবং পোলিও-মুক্ত ভবিষ্যৎ গড়ার সম্মিলিত প্রচেষ্টায় প্রতিটি ড্রপই অত্যন্ত গুরুত্বপূর্ণ। আজকের এই পালস পোলিও কর্মসূচির স্লোগান ছিল "আজকের দুই ফোঁটা ড্রপ, সুস্থ আগামীর নিশ্চয়তা"।

# জয়গাঁ গামী রাস্তায় ধস, ব্যাহত যান চলাচল



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ জুন :** জয়গাঁ গামী প্রধান সড়কে স্থিত গোবরজদী নদীর ডাইভারশন সেতু ভেঙ্গে গেল। আলিপুরদুয়ার জেলার ভুটান সীমান্ত জয়গাঁ গামী সড়কে বিবাড়ি এলাকায় যে গোবরজদী ডাইভারশন সেতু রয়েছে গতকাল রাতে জলের স্রোতে ভেঙ্গে যায়। যোগাযোগ প্রায় বন্ধ। সেতুর দুধারে গাড়ি দাড়িয়ে রয়েছে। ছোটো গাড়ি গুলো পাশে পুরানো সেতু দিয়ে চলাচল করছে গতকাল রাত থেকে ভারী বৃষ্টি পাতের ফলে ফলে ফুলেফেঁপে উঠেছে সব নদী ঝোরা।



EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |